

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

উপজেলা কৃষি অফিসার, বাগাতিপাড়া, নাটোর

এবং

উপ- পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নাটোর এর

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ লা জুলাই, ২০১৯ হতে ৩০ শে জুন, ২০২০

## কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview Performance)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা :

সাম্প্রতিক বছরসমূহের ২০১৮-১৯ বছরের প্রধান প্রধান অর্জন সমূহ

ক্রমবর্ধমান জনগোষ্ঠীর খাদ্য চাহিদা পূরণের লক্ষ্যে উপজেলা কৃষি অফিস বাগাতিপাড়া, নাটোর কৃষকদের মাঝে আধুনিক প্রযুক্তি সম্প্রসারণের মাধ্যমে বিগত বছরে চাল, গম, ভুট্টা, আলু, ডাল, তেল, মসলা এবং বিভিন্ন ফলের বাম্পার উৎপাদন করতে সক্ষম হয়েছি। সম্প্রসারণ কার্যক্রম জোরদারের মাধ্যমে ২০১৮-১৯ বছরে মোট চাল উৎপাদন ১৫৫৪০ মে.টন, গম ১০৮৫০ মে.টন, ভুট্টা ৩৮০০ মে.টন, আলু ৪৯০ মে.টন, ডাল ৭৪৩০ মে.টন, তেল ৭৬০ মে.টন, মসলা যেমন : পেঁয়াজ ২৭১০ মে.টন, রসুন ৬২৫০ মে.টন, হলুদ ২২৪০ মে.টন, ধনিয়া ৯০ মে.টন, কালোজিরা ৩৫ মে.টন, মরিচ ৪৭ মে.টন, আখ ১৪৩৮০০ মে.টন এবং বিভিন্ন ফল যেমন : আম ৩৮৫০ মে.টন, লিচু ৪৫০ মে.টন, পেঁয়ারা ১৫০ মে.টন, সবজি ১৮১৬০ মে.টন উৎপাদন হয়েছে।

লাগসই আধুনিক কৃষি প্রযুক্তির উপর ২০১৮-১৯ অর্থ বছরে ১৮০ জন কৃষক এবং ৬০ জন কৃষাণী মোট ২৪০ জন কৃষক/ কৃষাণীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যার মধ্যে ২৭% নারী। ২০১৮-১৯ মৌসুমে বাগাতিপাড়া উপজেলায় বোরো আবাদ হয়েছে ৬৩০ হেক্টর যার মধ্যে গুটি ইউরিয়া সার ব্যবহার করা হয়েছে ৮০ হেক্টর জমিতে এবং ব্যবহারকৃত সারের পরিমাণ ১৩.২ মে.টন। তাছাড়া বাগাতিপাড়া উপজেলায় ২০১৮-১৯ সালে মোট ইউরিয়া সার ব্যবহার ২৩৫০ মে.টন এবং নন-ইউরিয়া সার টিএসপি ৫১৯ মে.টন, ডিএপি ৮৩৪ মে.টন, এমওপি ৭১০ মে.টন সার ব্যবহার করা হয়েছে। এছাড়াও মাটির স্বাস্থ্য রক্ষায় গত বছর বাগাতিপাড়া উপজেলায় ৩১৫০ মে.টন জৈব সার উৎপাদন ও ব্যবহার করা হয়েছে।

সমস্যা সমূহ :

- ✓ ক্রমহ্রাসমান আবাদযোগ্য জমি হতে ক্রমবর্ধমান জনসংখ্যার জন্য খাদ্য উৎপাদন ও সুখম খাদ্য যোগান নিশ্চিতকরণ
- ✓ জমির স্বাস্থ্য ও উর্বরতা শক্তি রক্ষাসহ মাটির উৎপাদিকা শক্তি হ্রাস পাচ্ছে
- ✓ ভূ-গর্ভস্থ পানির অধিক ব্যবহারের ফলে পানির স্তর নীচে মেনে যাচ্ছে
- ✓ কৃষকের উৎপাদিত ফসলের সঠিক মূল্য না পাওয়া
- ✓ পরিবর্তিত জলবায়ু জনিত ঝুঁকি মোকাবেলায় দক্ষতার অভাব
- ✓ অ-সময়ে বন্যা  
তাপমাত্রার বড় ধরনের তারতম্য

ভবিষ্যৎ পরিকল্পনা :


- ✓ আবাদযোগ্য জমি সুরক্ষার জন্য উপজেলা প্রশাসনের মাধ্যমে কার্যকরী ভূমিকা গ্রহণ ও বাস্তবায়ন
- ✓ মাটির স্বাস্থ্য রক্ষায় সার সুপারিশ ব্যবস্থাপনা নিশ্চিত করণসহ জৈবসার উৎপাদন ও ব্যবহার বৃদ্ধি নিশ্চিতকরণ
- ✓ পরিবর্তিত জলবায়ুর সঙ্গে খাপ খাইয়ে উপযুক্ত ফসলের উন্নত জাত চিহ্নিতকরণ ও মাঠ পর্যায়ে সম্প্রসারণে কার্যক্রম জোরদার করণ
- ✓ চাষী পর্যায়ে অধিক পরিমাণে উন্নতমানের সকল ফসলের বীজ উৎপাদন ও ব্যবহার নিশ্চিত করণ
- ✓ রপ্তানীযোগ্য ফল ও সবজির চাষ সম্প্রসারণ এবং উচ্চ মূল্য ফসলের চাষ বৃদ্ধি করণ
- ✓ কৃষিতে যান্ত্রিকীকরণ বৃদ্ধি নিশ্চিতকরণ
- ✓ আধুনিক চাষাবাদের উপর শতভাগ কৃষক/ কৃষাণীদের প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করা
- ✓ কৃষির সঠিক উন্নয়নে ই-কৃষি প্রবর্তন এবং কৃষি সম্প্রসারণের সর্বস্তরে ই-কৃষি বাস্তবায়ন নিশ্চিত করণ

২০১৯-২০ অর্থ বছরে সম্ভাব্য প্রধান প্রধান অর্জন সমূহ :

- ✓ সম্প্রসারণ কার্যক্রম জোরদার করণের মাধ্যমে ২০১৯-২০ অর্থ বছরে চালের মোট উৎপাদন ১৪৯২০ মে.টন। এবং আগামী বছরের মোট খাদ্য শস্যের (চাল+গম) উৎপাদনের লক্ষ্যমাত্রা ২৮৩১০ মে.টন।
- ✓ লাগসই আধুনিক প্রযুক্তির উপর ১২৫০ জন কৃষক/ কৃষাণীদেরকে প্রশিক্ষণ প্রদান করা হইবে
- ✓ আধুনিক জাত ও প্রযুক্তি সম্প্রসারণে ৩০০ টি প্রদর্শনী স্থাপন করা হইবে
- ✓ কৃষক পর্যায়ে রাসায়নিক সারের ব্যবহার : ইউরিয়া ২৪৯৮ মে.টন, টিএসপি ৫৯৩ মে.টন, ডিএপি ৮৬৪ মে.টন, এমওপি ৭৪২ মে.টন এবং গুটি ইউরিয়া ৫০ মে.টন ব্যবহার।
- ✓ জৈব সার ব্যবহার করণে কৃষক/ কৃষাণীদেরকে প্রশিক্ষণ প্রদান এবং উদ্ভুদ্ধকরণের মাধ্যমে ৪২৫০ মে.টন কম্পোস্ট সার উৎপাদন ও ব্যবহার করা হইবে।

আমি উপজেলা কৃষি অফিসার বাগাতিপাড়া, নাটোর, উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নাটোর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নাটোর, উপজেলা কৃষি অফিসার, বাগাতিপাড়া, নাটোরের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।



উপজেলা কৃষি অফিসার  
বাগাতিপাড়া, নাটোর

তারিখঃ ১২.৬.২০২২



উপ-পরিচালক  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
নাটোর

তারিখঃ ১২.৬.২০২২